

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপ-পরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
সোনাডাঙ্গা, খুলনা

স্মারক নং-৩৪.০১.৪৭০০.০০০.৩৮.০৬১.১৬- ৬২০

তারিখ : ০৮/০২/২০২৪

“ভর্তি বিজ্ঞপ্তি”

বেকার যুবদের দক্ষতা বৃদ্ধি, কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা জেলা কার্যালয়ের (রাজস্ব) আওতাধীন যুব প্রশিক্ষণ ও আত্মকর্মসংস্থান কর্মসূচির ২০২৩-২০২৪ অর্থ বছরের নিম্নলিখিত (অনাবাসিক) প্রশিক্ষণ কোর্সে ১৮-৩৫ বৎসরের বয়সের বেকার যুবক ও যুবনারীদের নিকট থেকে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্র	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম)	কোর্সের মেয়াদ	দরখাস্ত জমার শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ	ভর্তি ও প্রশিক্ষণ শুরুর তারিখ	ভর্তি কোর্স ফি
১	মৎস্য চাষ (৭ম ব্যাচ) আসন সংখ্যা-২৫	৮ম শ্রেণী পাশ	০১(এক)মাস	২৫/০২/২৪	২৭/০২/২৪	০৩/০৩/২০২৪	৫০(পঞ্চাশ) টাকা
২	ব্লক বাটিক স্ট্রীপ প্রিন্টিং (৩য় ব্যাচ) আসন সংখ্যা-২৫	৮ম শ্রেণী পাশ	০৪(চার)মাস	২৫/০২/২৪	২৮/০২/২৪	০৩/০৩/২০২৪	৫০(পঞ্চাশ) টাকা

আবেদন ও ভর্তি সংক্রান্ত নিয়মাবলী :

- প্রার্থীকে অবশ্যই ১৮-৩৫বছরের বেকার যুবক / যুবনারী হতে হবে এবং তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- যুব সংগঠন কর্তৃক মনোনীত এবং যুবনারী প্রার্থীকে নির্বাচনের বিষয়ে অগ্রাধিকার দেয়া হবে।
- নির্ধারিত ফরমে আবেদন করতে হবেঃ (০১) নাম (বাংলা ও ইংরেজী), (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র, (০৭) বর্তমান ঠিকানা (০৮) স্থায়ী ঠিকানা (০৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেলার/লিঙ্গ, (১২) মোবাইল নম্বর (যদি থাকে) (১৩) বিকল্প যোগাযোগ নম্বর (১৪) ইতিপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (১৫) যুব সংগঠনের সদস্য হলে সংগঠনের নাম এবং (১৬) ভবিষ্যত পরিকল্পনা/প্রশিক্ষণ গ্রহণের কারণ উল্লেখ করতে হবে।
- আবেদন পত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ছায়াছবি (খ) জাতীয় পরিচয়পত্র (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার কর্তৃক জন্ম নিবন্ধন সনদপত্র, (গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত (রংগিন) ছবি আবেদনের সাথে জমা দিতে হবে। নির্বাচনী পরীক্ষার সময় মূল সনদপত্র সমূহ সংগে আনতে হবে।
- আবেদনপত্র NiSE<sup>3</sup> সফটওয়্যারের মাধ্যমে শুধু মাত্র অনলাইনে ওয়েব এ্যাড্রেস <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে দাখিল করতে হবে। উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনা।
- উপপরিচালক এর কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সোনাডাঙ্গা, খুলনায় অনুষ্ঠিতব্য নির্বাচনী পরীক্ষার জন্য প্রার্থীকে উল্লেখিত তারিখে সকাল ৯-৩০ ঘটিকায় হাজির হতে হবে। এজন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না ও তজ্জন্য আলাদা কোন কার্ড ইস্যু করা হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ কেন্দ্রের নিয়ম-শৃঙ্খলা মেনে চলতে হবে।
- ভর্তি ও ক্লাস শুরুর এ সংক্রান্ত যে কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- দলিত (সুইপার, ঋষি, ডোম) যুবদের জন্য ৪% কোটা এবং বিশেষ চাহিদাসম্পন্ন / অটিষ্টিক ও হিজড়া জনগোষ্ঠীর জন্য ৫% কোটা সংরক্ষণসহ অধিদপ্তরের সকল প্রশিক্ষণে ভর্তির সুযোগ রয়েছে।
- ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে মোবাইল নম্বর, Facebook আইডি, Whats app no/ই-মেইল আইডি দিতে হবে।
- সকল প্রশিক্ষণার্থীগণকে বিধি মোতাবেক প্রতি কর্মদিবসে উপস্থিতির ভিত্তিতে ১০০/- (একশত) টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হবে।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই মাফ পরিধান করতে হবে এবং স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

মোঃ মোস্তাক উদ্দীন

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, খুলনা

E-mail: [ddkhulna@dyd.gov.bd](mailto:ddkhulna@dyd.gov.bd)

ফোন-০২-৪৪১১০৯৪৭